

মেম্বর

জন সি. লিউ (John C. Liu) (D)

আমার কাহিনীটা নিউ ইয়র্কের অনেক গল্পের মতো। এটা অন্য কোথাও শুরু হয়েছিল। আমার পাঁচ বছর বয়সে আমাদের পরিবার তাইওয়ান থেকে এখানে ইমিগ্র্যান্ট হয়ে আসে, কাজের সন্ধানে অগণিত আরও পরিবার সমূহ একই ভাবে এসেছেন এ সুযোগ নিতে। কারণ নিউইয়র্ক সিটির পবিত্র প্রতিশ্রুতি এমনটাই ছিল এখানে এসে পড়া কঠোর পরিশ্রম করো। বড় স্বপ্ন দেখ। এবং যদি তোমরা এ সবগুলিই করতে পারো তাহলে তোমাদের ভাল করার সুযোগ রয়েছে। আমার মাতাপিতা এই প্রতিশ্রুতিতে বিশ্বাসী ছিলেন। আমি এখন পয়র্ক এতে বিশ্বাসী, এবং সে জন্যই আমি মেম্বর পদের জন্য নির্বাচনে করছি। ঐ প্রতিশ্রুতি পূরণের জন্য আমি অব্যাহত রাখতে চাই যা আমি সিটি কাউন্সিলম্যান ও নিউ ইয়র্ক সিটি কম্পিউটার হিসাবে জনগণের জন্য সংগ্রাম করেছি যাদেরকে সিটি হল ভুলে গেছে। কর্মজীবী মাতা। রুজগারী ইমিগ্র্যান্ট। ক্ষুদ্র ব্যবসা মালিক। সংগ্রামী ছাত্র। শিক্ষক ও শ্রমিক এবং প্রতিটি নিউ ইয়র্কবাসী মনে করেন তাদের পক্ষে কথা বলার কেউ নেই। যখন আপনারা শক্তিশালী লোকজনের পিছনে লেগে যান -তখন তারা আপনাদের পেছনে লাগার প্রস্তুতি নেন। তারা চেয়ে ছিলেন যে, MTA যে দুই সেট বই রেখেছিল তা যেন আমরা না পাই। তারা চাননা যে আমরা মেম্বর অনুমোদিত প্রকল্প সমূহের পেছনে লেগে যাই, যা তারা ডাকাতি করেছিলেন সিটিকে অন্ধ রেখে, এই সিটির জনগণের জন্য ৩ বিলিয়ন ডলার উদ্ধারের বিষয়। এবং তারা এটাও চাননা যে আমরা ন্যূনতম মজুরী বাঁচার জন্য প্রয়োজনীয় মাত্রায় উল্লীত করি। কিন্তু আমরা তো এসবই করতে চাই। কারণ এই সিটি তাদের এবং আমাদের আলাদা করে হতে পারেনা। এটা একটাই সিটি হওয়া প্রয়োজন। যেখানে প্রত্যেকে একটা ন্যায্য মজুরী এবং একটা ভাল জীবন ব্যবস্থা পাবে। যেখানে জনগণকে তাদের বর্ণের কারণে স্টপ এন্ড ফ্রিস্ক করা হবে না। যেখানে প্রতিটি শিশু ভাল শিক্ষালাভ করবে। এবং সেখানে মেম্বর ১% লোকের নয় বরং ১০০% লোকের প্রতিনিধিত্ব করবে। এই সিটি আমাদেরকে সবসময়ই প্রতিশ্রুতি দিয়েছে। আপনাদের সহযোগীতা নিয়ে, আমি ঐ প্রতিশ্রুতি রক্ষা নিশ্চিত করতে চাই।

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*